

আইসিটি সংক্রান্ত আগস্ট /২০২৪ খ্রি. মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আসলাম হোসাইন  
উপজেলা নির্বাহী অফিসার  
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

সভার স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ  
তারিখ : ২৮/০৮/২০২৪খ্রি:  
সময় : দুপুর ০২.৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’-তে দেখানো হ’ল।

সভাপতি হিসাবে উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করি। সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকগণের যাতে সময়, খরচ ও ডিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য সকল উপজেলার আইসিটি সদস্যবৃন্দকে দৃষ্টি আকর্ষণ করি। সভায় উপস্থিত সদস্যগণ তাদের গৃহীত সমস্যা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয় :

ক্রমিক:	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.০	<b>ওয়েব সাইট হালনাগাদকরণ:</b> এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, টংগিবাড়ী উপজেলার ওয়েব পোর্টাল হালনাগাদের কাজ চলমান রয়েছে। উপজেলার পোর্টাল এবং ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালের রিপোর্ট প্রতি বুধবার জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ এর নিকট পাঠাতে হয়। এমতাবস্থায় উপজেলার প্রত্যেক দপ্তরের কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গণ এ বিষয়ে প্রতি সপ্তাহে আপডেট করার জন্য একটু আন্তরিক হলে উপজেলার সকল পোর্টাল দ্রুত শতভাগ বাস্তবায়ন করা সম্ভব হবে।	১। ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সকল দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। ২। ইউনিয়ন পর্যায়ে ওয়েব সাইটে নিয়মিত তথ্য হালনাগাদকরণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়।	১। দপ্তর প্রধান (সকল), টংগিবাড়ী ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, টংগিবাড়ী ৩। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, টংগিবাড়ী (সকল) ৪। উদ্যোক্তা, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, টংগিবাড়ী (সকল)
২.০	<b>ই-নথি/ ডি-নথি বাস্তবায়ন সংক্রান্ত:</b> ই ফাইলে ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা সমাজসেবা অফিস ও উপজেলা মহিলা বিষয়ক অফিস লাইভ সার্ভারে কার্যক্রম আছে। ই ফাইলের মাসিক রিপোর্ট পর্যালোচনা করে দেখা যায় সকল উক্ত অফিসসমূহে ই ফাইলের কার্যক্রম আরো বাড়াতে হবে।	১। যেহেতু ই ফাইলের কাজ একটি টিম ওয়ার্ক। তাই সকল দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের তাদের ইফাইলের নিজ নিজ একাউন্টের কাজ নিজে করে করার জন্য অনুরোধ করা হয়। একইসাথে ই ফাইলে স্ব স্ব অফিসের কার্যক্রম পরিচালনার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। ২। ই- নথি কার্যক্রম সার্বক্ষণিক সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। ৩। উপজেলা সদরের যে সকল দপ্তর জেলা প্রশাসকের কার্যালয়, টংগিবাড়ী হতে ই ফাইলিং প্রশিক্ষণ পেয়েছে তাদের দ্রুত লাইভ সার্ভারের দেওয়ার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ	১। দপ্তর প্রধান (সকল) ২। সহকারী প্রোগ্রামার

ক্রমিক:	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		জানানো হয়।	
৩.০	শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্তঃ এ বিষয়ে সহকারী প্রোগ্রামার জানান যে, অত্র উপজেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে মোট ১২টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। এমাসে ৩ টি ল্যাব পরিদর্শন করা হয়েছে।	১। ল্যাবের যথাযথ ব্যবহার যাতে ১০০% বাস্তবায়িত হয় তা সহকারী প্রোগ্রামারকে মনিটরিং ও সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়।	১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টংগিবাড়ী ২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, টংগিবাড়ী ৩। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), টংগিবাড়ী

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ আসলাম হোসাইন)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি, উপজেলা আইসিটি কমিটি

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ


ইমেইলঃ unotongibari@mopa.gov.bd

স্মারক নং- ৫৬.০৪.৫৯৯৪.০০০.০৬.০২.১৯- ১৭

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

- ১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-২।
- ২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৪। প্রকল্প পরিচালক, এটুআই, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৭। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মুন্সীগঞ্জ।
- ৮। .....
- ৯। অফিস নথি।

তারিখঃ ২৮/০৮/২০২৪খ্রিঃ।



( মোসাঃ জাকিয়া সুলতানা )

সহকারী প্রোগ্রামার

ও

সদস্য সচিব

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

টংগিবাড়ী, মুন্সীগঞ্জ